

মানুষের কাছে, মানুষের সাথে বিশ বছর ধরে মানুষের পাশে

১৯৭৭-১৯৯৭। এই বিশ বছরে রাজনৈতিক, সামাজিক এবং অর্থনৈতিক ক্ষেত্রে পশ্চিমবঙ্গে ঘটেছে নানা মূলগত পরিবর্তন। সাধারণ মানুষকে পাশে নিয়ে এগিয়েছে বামফ্রন্ট সরকার। পঞ্চায়েতী রাজ ব্যবস্থার মাধ্যমে সৃষ্টি হয়েছে স্বায়ত্বশাসনের বাস্তবরণ। শুধুমাত্র ক্ষমতার বিকেন্দ্রীকরণই নয়, সরকার সাফল্য পেয়েছে ভূমিসংস্কার, কৃষি, বিদ্যুৎ, শিক্ষাপ্রসার ও স্বাস্থ্যের মত গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিতে। পরিবহণ ও আবাসন প্রকল্পে নেওয়া হয়েছে ব্যাপক উদ্যোগ। তাসত্ত্বেও আত্মতুষ্টির কোনও স্থান নেই। চরবেতির মূল মন্ত্র ধরে পশ্চিমবঙ্গকে আরও এগিয়ে নিয়ে যেতে সরকার বদ্ধপরিকর। দায়বদ্ধ সাধারণ মানুষের স্বপ্নকে বাস্তবায়িত করতে।

পশ্চিমবঙ্গে শিল্পায়ন

আর্থ-সামাজিক অগ্রগতির লক্ষ্যে বামফ্রন্ট সরকার

১৯৭০ সালে ১০০ ভিত্তি ধরে পশ্চিমবঙ্গের বার্ষিক গড় শিল্প উৎপাদনের সূচক ১৯৭৫ সালে যেখানে ১০২৭-এ ছিল ১৯৯৬ সালে সেই সূচক দাড়িয়েছে ১৫৫০ উপরে। বামফ্রন্ট সরকারের দুই দশকের শাসনকালে শিল্পোৎপাদনের এই হার বৃদ্ধিই একমাত্র কথা নয়। পণ্যের সুসম বন্টনের মাধ্যমে সমগ্র জনসাধারণের আর্থ-সামাজিক অগ্রগতিই এই শিল্পায়ন প্রচেষ্টার মূল লক্ষ্য। শিল্পের পরিকাঠামোর উন্নয়ন, বিভিন্ন অঞ্চল ও জেলায়, বিকাশকেন্দ্র স্থাপন, বিদ্যুৎ উৎপাদনে স্বয়ং সম্পূর্ণতা অর্জনের সঙ্গে কতকগুলি শিল্পক্ষেত্রে বিশেষ নজর দেবার পরিকল্পনা গৃহীত হয়েছে। এর মধ্যে আছে পেট্রোকেমিক্যালস, ইলেকট্রনিকস্, লৌহ-ইস্পাত, ধাতব এবং অন্যান্য শিল্প। এছাড়াও কর্মসংস্থানমূলক বহু শিল্পের ক্ষেত্রেও যথেষ্ট জোর দেওয়া হচ্ছে।

প্রখ্যাত অনেক আন্তর্জাতিক সংস্থাই পশ্চিমবঙ্গে শিল্পায়নে সুরাসরি কাজ করছে। বৈদেশিক বিনিয়োগ ও প্রযুক্তি প্রস্রাবগুলি টাকার অঙ্কে ৮০০০ কোটি টাকার উপর।

স্ব-নির্ভরতার লক্ষ্যকে যথাযথ গুরুত্ব দিয়ে একটি ভারসাম্যমূলক অর্থনৈতিক অবস্থান আয়ত্ত করার লক্ষ্যে পশ্চিমবঙ্গে শিল্পায়ন প্রচেষ্টা অব্যাহত থাকবে

Regd. No. WB/CC-433/96

MARXBADI PATH

August '98, Vol. 18, No. 1

Rs. Four Only

Editor : SAILEN DASGUPTA
Office : Muzaffar Ahmad Bhaban, 31, Alimuddin Street,
Calcutta - 700016